গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা

“Good Working Conditions in Tanneries in Bangladesh (GOTAN)” প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি)’র ১ ম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এহছানে এলাহী<br>সচিব |
| সভার তারিখ | ১৬ জানুয়ারি ২০২৪ |
| সভার সময় | সকাল ১১.৩০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি ২০২৩-২৪ অর্থবছরের এডিপি তে “Good Working Conditions in Tanneries in Bangladesh (GOTAN)” প্রকল্পটি অন্তর্ভুক্তির জন্য মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, এবং GIZ কে অভিনন্দন জানান। অতঃপর সভাপতি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের জন্য আহ্বান জানান। এ বিষয়ে সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা জানান যে, আলোচ্য প্রকল্পটি পরিকল্পনা কমিশন কর্তৃক গত ০১-১১-২০২৩ তারিখ অনুমোদিত হয়েছে এবং ০৪-১২-২০২৩ তারিখ মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক/সরকারি আদেশ (জি,ও) জারি করা হয়েছে। প্রকল্পটির মোট অনুমোদিত ব্যয় ৪৭.৩৩০৯ কোটি (সাতচল্লিশ কোটি তেত্রিশ লক্ষ নয় হাজার) যা সম্পূর্ণ জার্মান সরকারের অর্থায়নে GIZ এর মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির অনুমোদিত বাস্তবায়ন মেয়াদকাল জুলাই ২০২৩ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত।

**০২। আলোচনা:**

**ক) প্রকল্পের প্রধান উদ্দেশ্য:** ট্যানারি পরিদর্শনে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি করা। ট্যানারি সেক্টরে পেশাগত স্বাস্থ্য ও সেফটি বিষয়ক প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান করা এবং ট্যানারি সেক্টরে পেশাগত স্বাস্থ্য ও সেইফটি প্রশিক্ষণ ব্যবস্থা উন্নতকরণ।

**খ) প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:** কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে কর্মরত পরিদর্শক এবং অন্যান্য অংশীজনদের জন্য প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা। ট্যানারি পরিদর্শনের জন্য নির্দিষ্ট উপকরণ উন্নয়ন এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরকে পরামর্শমূলক কারিগরী পরিষেবা প্রদান করা। প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে OHS ইনস্টিটিউটের সক্ষমতাকে কাজে লাগানো। চামড়া শিল্প সংক্রান্ত OHS কারিকুলাম উন্নয়নে পরামর্শ প্রদান করা এবং ক্লাসরুম এবং অনলাইন প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ উপকরণ (যেমনঃ রাসায়নিক ব্যবস্থাপনা বিষয়ক) প্রস্তুত করা। পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষকদের প্রশিক্ষণের (ToT) ব্যবস্থা করা। ট্যানারি খাতে Labour Inspection Management Application (LIMA) ব্যবহারে প্রযুক্তিগত পরামর্শমূলক পরিষেবা প্রদান করা।

**গ) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি**: এ বিষয়ে GIZ এর সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে, আঞ্চলিক দেশগুলির ট্যানারি কার্যক্রম সমূহ পর্যবেক্ষণে ভিয়েতনামে এক্সপোজার ভিজিট করা হয়েছে। প্রাথমিক চিকিৎসার উপর প্রশিক্ষণ প্রদানপূর্বক (৬১ টি ট্যানারির কাছে প্রাথমিক চিকিৎসা বক্স (প্রাথমিক চিকিৎসা সরঞ্জামাদি সহ) এবং ১২২ টি অ্যাপ্রন) হস্তান্তর করা

হয়েছে। ১৩২ টি ট্যানারির তথ্য সহ ট্যানারি ডাটাবেস তৈরি করা হয়েছে মর্মে সভায় উপস্থিত GIZ এর প্রতিনিধি জনাব মোঃ সাইফুল ইসলাম সভাকে অবহিত করেন।

**ঘ) মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রশাসনিক ব্যবস্থা ও সার্বিক অবস্থা পর্যালোচনা:** প্রকল্পের বর্তমান অবস্থা সম্পর্কে সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৩ শখা সভায় জানান যে, এএমএস সহ অন্যান্য প্রশাসনিক কাজ সম্পাদনের জন্য উক্ত প্রকল্পের অনুকূলে নতুন কোড সৃজনের জন্য iBAS++ এন্ট্রি করা হয়েছে এবং অর্থ বিভাগে যোগাযোগ করা হয়েছে কিন্তু iBAS++ সফটওয়্যার এর সমস্যা থাকায় নতুন কোড সৃজনে বিলম্ব হচ্ছে। প্রকল্পটির কোড সৃজনের পর প্রকল্পটির অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরে আরডিপিএতে ২০৪১.২০ (বিশ কোটি একচল্লিশ লক্ষ বিশ হাজার) কোটি টাকা বরাদ্দ প্রদানের জন্য শিল্প ও শক্তি বিভাগে পত্র প্রেরণ করা হবে। এর ফলে চলমান প্রকল্পটি মন্ত্রণালয়ের এডিপিতে প্রতিফলিত হবে, এবং তা মন্ত্রণালয়ের একটি অর্জন হিসেবে প্রদর্শন করা যাবে।

যুগ্মসচিব (পরিকল্পনা) বলেন যে, প্রকল্পটি বিগত ছয় মাস যাবৎ চলমান রয়েছে, কিন্তু অদ্যাবধি প্রকল্পটির কর্ম পরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা মন্ত্রণালয়ে দাখিল করা হয়নি, যা প্রচলিত নিয়মের ব্যত্যয়। মন্ত্রণালয় থেকে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনে প্রকল্পের বাৎসরিক কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা বিষয়ে প্রতিবেদন প্রেরণ করতে হয়, বিধায়, সেগুলি যথাযথভাবে এবং সঠিক সময়ে মন্ত্রণালয়ে পাওয়া প্রয়োজন। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, প্রাপ্ত বর্ণনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম সুন্দরভাবে বাস্তবায়িত হচ্ছে কিন্তু চলমান কার্যক্রম, প্রশিক্ষণ প্রভৃতি বিষয়ে মন্ত্রণালয় সম্যকভাবে অবহিত নয়, যা সঠিকভাবে না করা হলে সুষ্ঠু সমন্বয় ব্যাহত হতে পারে। এ বিষয়ে তিনি কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর ও GIZ এর দৃষ্টি আকর্ষণ করেন এবং চলমান কার্ক্রম সম্পর্কে মন্ত্রণালয়কে নিয়মিতভাবে অবহিত রাখার বিষয়ে গুরু্ত্বারোপ করেন।

সভাপতি প্রকল্পটির জন্য কোন প্রকল্প পরিচালক নিযুক্ত করা হয়েছে কিনা জানতে চান। এ বিষয়ে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, কোন প্রকল্প পরিচালক নিযুক্ত করা হয়নি। পরিকল্পনা-৩ শাখার পক্ষ থেকে জানানো হয় যে, এ বিষয়ে অধিদপ্তরকে ইতঃপূর্বে মৌখিকভাবে, সভায় এবং লিখিতভাবে বলা হয়েছে। কিন্তু, অদ্যাবধি কোন প্রস্তাব পাওয়া যায় নি। সভাপতি এ বিষয়ে দ্রুত প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

৩। সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) প্রকল্পের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে;

খ) এএমএস সহ অন্যান্য প্রশাসনিক কাজ সম্পাদনের জন্য উক্ত প্রকল্পের অনুকূলে নতুন কোড সৃজনের পর প্রকল্পটি এডিপি তে অন্তর্ভুক্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে;

গ) প্রকল্পটির অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরে আরডিপিএতে ২০৪১.২০ (বিশ কোটি একচল্লিশ লক্ষ বিশ হাজার) লক্ষ টাকা বরাদ্দ প্রদানের জন্য শিল্প ও শক্তি বিভাগে পত্র প্রেরণ করতে হবে;

ঘ) প্রকল্পের বাৎসরিক কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

ঙ) এডিপি রিভিউ সভার সিদ্ধান্ত অনুযায়ী মাসিক এবং ত্রৈমাসিক প্রতিবেদন যথাযথভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

চ) প্রশিক্ষণ এবং অন্যান্য কার্যক্রম বিষয়ে মন্ত্রণালয়কে পত্রের অনুলিপি ইত্যাদি মারফত জানাতে হবে এবং

ছ) প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব অনতিবিলম্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ এহছানে এলাহী

সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৮.০৬.০০১.২৩.৭

তারিখ: ১৬ মাঘ ১৪৩০
৩০ জানুয়ারি ২০২৪

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

১) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

২) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৪) সচিব, অর্থ বিভাগ

৫) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৬) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৭) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৮) অতিরিক্ত সচিব, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ

৯) যুগ্ম মহাপরিদর্শক, সেইফটি অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

১০) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১১) জনাব মোঃ ফিরোজ আলম , প্রোগ্রাম অফিসার, GIZ, বাংলাদেশ।

এস.এইচ.এম. মাগফুরুল হাসান আব্বাসী
সিনিয়র সহকারী সচিব